

Ex/BANGLA/PG/4.3/2019

স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৯

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেস্টার)

বাংলা

বাংলা কবিতা - পর্ব : ২

কোর্স : পি.জি. - ৪.৩

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. গ্রাম বাংলার নিসর্গ ও গ্রামীণ-জীবন জীবনানন্দ দাশের কবিতায় কীভাবে গুরুত্বপূর্ণ হয়ে ওঠে, বুঝিয়ে দাও। ১০

অথবা

২. 'বসন্তের জ্যোৎস্নায় অই মৃত মৃগদের মতো/আমরা সবাই'। মৃত মৃগদের সঙ্গে 'আমরা সবাই' কীভাবে আর কেন একাকার হয়ে যায়, জীবনানন্দ দাশের 'ক্যাম্পে' কবিতা অবলম্বনে আলোচনা করো। ১০

৩. 'অর্কেস্ট্রা' কবিতাটির গঠনের অভিনবত্ব ও উপস্থাপনার সঙ্গে এর বিষয়বস্তুর যে ঘনিষ্ঠ সম্বন্ধ রয়েছে, তা বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ১০

অথবা

৪. সুধীন্দ্রনাথ তাঁর কবিতাকে প্রপদী চেহারা দিয়েছেন, কিন্তু প্রকাশ করেছেন আধুনিক মানুষের আন্তিত্বিক সংকটের দ্বন্দ্ব - 'প্রতীক' ও 'উটপাখি' কবিতাদুটি অবলম্বনে আলোচনা করো। ১০

(Turn over)

(2)

৫. বামপন্থী মতাদর্শ বিষ্ণু দে'র কবিতার বিষয় এবং আঙ্গিক উভয়কেই যেভাবে বদলে দেয়, তোমার পঠিত কবিতা অবলম্বনে তা বুঝিয়ে লেখো। ১০

অথবা

৬. 'পদধ্বনি' কবিতায় এক অশক্ত, বৃদ্ধ, পরাজিত অর্জুনের যে-ছবিটি নির্মাণ করে তোলেন বিষ্ণু দে; তার তাৎপর্য কী বলে তুমি মনে করো? বুঝিয়ে লেখো। ১০

৭. রবীন্দ্র-পরবর্তী বাংলা আধুনিক কবিতায় সুভাষ মুখোপাধ্যায় এক স্বতন্ত্র স্বর নিয়ে হাজির হন। মন্তব্যটি বিচার করো। ১০

অথবা

৮. 'ফুলকে দিয়ে/মানুষ বড় বেশি মিথ্যে বলায় বলেই/ফুলের ওপর কোনোদিনই আমার টান নেই।' এই উচ্চারণ যেন সুভাষ মুখোপাধ্যায়ের সামগ্রিক কবিতা দর্শকেই তুলে ধরে। প্রাসঙ্গিক কবিতাটি আলোচনা করে বিষয়টি বুঝিয়ে লেখো। ১০